যুগান্তর

তারিখ 23 AUG 2009
পৃষ্ঠা ২৫ কলাম ৭

# সঠিক ইতিহাসের পাঠ্যবই আগামী বছর : শিক্ষামন্ত্রী

জবি প্রতিনিধি

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, বিগত সরকারের আমলে পাঠ্যবইয়ে বঙ্গবন্ধুর ইতিহাস বিকৃত করা হয়েছে। আগামী বছর প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে তা সংশোধন করে সঠিক ইতিহাস তুলে ধরা হবে। একই সঙ্গে ৮ম শ্রেণীর পাঠ্যবইয়ে ৭ই মার্চের ভাষণ ও স্বাধীনতার ঘোষণাপত্র যুক্ত করা হবে।

শনিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অডিটোরিয়ামে আয়োজিত জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৩৪তম শাহাদাৎবার্ষিকী উপলক্ষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এসব কথা বলেন। তিনি আরও বলেন, জাতির জনককে হত্যা করে শুধু একটি নেতাকেই নয়, সমগ্র জাতির লক্ষ্য, উদ্দেশ্য ও চেতনাকে চিরতরে ধ্বংস করা হয়েছে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মেসবাহ উদ্দিন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোঃ ফরাসউদ্দিন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. হারুন-অর-রশিদ, ঢাবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. খন্দকার বজলুল হক, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ শহীদুল ইসলাম, ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ড. মনিরুজ্জামান, ছাত্রকল্যাণ পরিচালক অধ্যাপক এসএম আনোয়ারা বেগম, ভূগোল বিভাগের সহকারী অধ্যাপক এম মনিরুজ্জামান, মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. কাজী সাইফুদ্দীন, বিশ্ববিদ্যালয় শাখার ছাত্রলীগের সভাপতি কামরুল হাসান রিপন ও সাধারণ সম্পাদক গাজী আবু সাঈদ প্রমুখ। বক্তারা জাতির জনকের হত্যার রায় দ্রুত কার্যকর করার দাবি জানান।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ লুৎফর রহমান এবং মূল প্রবন্ধ উপস্থাপন করেন রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক ড. অরুন কুমার গোস্বামী।